# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আরো কিছু প্রচলিত ভিত্তিহীন কথা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## শেষ কথা

হাদীসের নামে জালিয়াতির এ আলোচনা এখানেই শেষ করছি। আমাদের চারিপাশে অগণিত জাল হাদীসের ছড়াছড়ি। ওয়ায়ে, আলোচনায়, লেখনিতে ও গবেষণায় সর্বত্রই এ সকল মিথ্যা ও বানোয়াট কথার ব্যাপকতা লক্ষ্য করা যায়। হাদীসের নামে বা রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে প্রচলিত ও প্রচারিত এ সকল অগণিত জাল কথার মধ্য থেকে কিছু বিষয় এ পুস্তকে আলোচনা করার চেষ্টা করেছি। অনেক বিষয়েই আলোচনা করা সম্ভব হলো না। আমরা আশা করছি, নতুন প্রজন্মের আলিমদের মধ্যে গবেষকগণ কলম ধরবেন এবং এ বিষয়ে নতুন নতুন গবেষণার মাধ্যমে এদেশের মুসলিমদেরকে জাল হাদীসের পঙ্কিলতা থেকে রক্ষা করবেন।

সাইয়্যেদুল মুরসালীন, রাহমাতুল্লিল আলামীন মুহাম্মাদুর রাসূলুল্লাহ (ﷺ)-এর সহীহ সুন্নাতকে জীবিত করা এবং মিথ্যা, জাল, ভিত্তিহীন বা অনির্ভরযোগ্য কথা আলোচনা, বর্ণনা, পালন বা বিশ্বাসের কঠিন পাপ থেকে নিজেদেরকে রক্ষা করার আবেগে অযোগ্যতা ও দুর্বলতা সত্ত্বেও এ বিষয়ে কিছু লেখার চেষ্টা করলাম। স্বভাবতই এর মধ্যে অনেক ভুলভ্রান্তি রয়েছে। আমি সকল ভুলভ্রান্তির জন্য আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থনা করছি ও তাওবা করছি।

এ নগণ্য প্রচেষ্টার মধ্যে যা কিছু কল্যাণকর রয়েছে তা সবই মহান আল্লাহর দয়া ও তাওফীক। তাঁর পবিত্র দরবারে দোয়া করি, তিনি যেন দয়া করে তাঁর প্রিয়তম রাসূলের (ﷺ) সুন্নাতের খেদমতে এ নগণ্য প্রচেষ্টাটুকু কবুল করে নেন এবং একে আমার, আমার পিতামাতা ও সকল পাঠকের নাজাতের ওসীলা বানিয়ে দেন। আমীন!

وصلى الله على محمد النبي الأمي وآله وأصحابه أجمعين. والحمد لله رب العالمين.

Source — https://www.hadithbd.com/books/link/?id=5055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন